# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 07 July, 2025

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "নির্বাচনে যত দেরি হবে, দেশ তত পিছিয়ে যাবে। বিনিয়োগ আসবে না, নারীরা নিরাপত্তা হারাবে, বিচারব্যবস্থা ও আইনশৃঙ্খলা ভেঙে পড়বে।" তাই জনগণের ভোটে নির্বাচিত একটি সরকারের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি। সোমবার (৭ জুলাই) দুপুরে সিলেট নগরীর পাঠানটুলাস্থ সানরাইজ কমিউনিটি সেন্টারে যুক্তরাজ্য বিএনপির সভাপতি এমএ মালিকের আমন্ত্রণে আয়োজিত এক দোয়া মাহফিল ও আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সুস্থতা ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করা হয়।

মির্জা ফখরুল বলেন, "হঠাৎ করে হাসিনা চলে যায়নি, এর পেছনে রয়েছে মানুষের সংগ্রাম, ত্যাগ ও রক্ত। আমরা গণতন্ত্র ও ন্যায়ভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য লড়াই করছি।" তিনি জানান, বিএনপি এমন একটি দেশ চায় যেখানে বাকস্বাধীনতা, নারীদের নিরাপত্তা, তরুণদের কর্মসংস্থান এবং সবার জন্য চিকিৎসার সুযোগ থাকবে।

আলোচনায় বিএনপির ৩১ দফা পরিকল্পনার কথাও তুলে ধরেন তিনি এবং বলেন, "এই ৩১ দফার মধ্যেই রয়েছে দেশের ভবিষ্যৎ।"

তিনি আরো জানান, অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে ড. মুহম্মদ ইউনুসের লন্ডনে তারেক রহমানের সঙ্গে বৈঠকের মাধ্যমে ২৬ ফেব্রুয়ারির মধ্যে নির্বাচনের সময় নির্ধারণ করায় ধন্যবাদ জানান। একইসঙ্গে দলের নেতাকর্মীদের সতর্ক করে বলেন, "কেউ যাতে আঙুল তুলে কিছু বলতে না পারে। মানুষের আস্থা অর্জনের জন্য মাঠে নামতে হবে।"

বক্তব্যের শুরুতে মির্জা ফখরুল শাহজালাল (রহ.) ও শাহপরান (রহ.)-এর পুণ্যভূমি সিলেটের প্রতি শ্রদ্ধা জানান এবং স্মরণ করেন নিখোঁজ নেতা ইলিয়াস আলীসহ সব গুম হওয়া নেতাদের।

তিনি বলেন, "সিলেটে এবার তারেক রহমানকে নিয়ে আসা হবে–যেখানে একসময় খালেদা জিয়া সমাবেশ করেছিলেন।" নেতাকর্মীদের নির্বাচনের জন্য প্রস্তুতি নেওয়ার আহ্বান জানিয়ে বলেন, "জয় আমাদের সুনিশ্চিত, ইনশাআল্লাহ।"

মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তারেক রহমান নির্বাচন ড. মুহম্মদ ইউনুস বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:11

URL: https://timestodaybd.com/public/national/4395310779